

আপনি কি আপনার

সন্তানের চাঁকৎসা নিয়ে চিন্তিত?



হাসপাতালে ভর্তি থাকার সময় নবজাতকদের পিতামাতা এবং
যত্নকারীদের জন্য তথ্য।

মার্থাস রুল কী

মার্থাস রুল হলো শিশু ও তার পরিবার বা যত্নকারীদের জন্য একটি রোগী নিরাপত্তা পরিষেবা। হাসপাতালে ভর্তি থাকা শিশুর অবস্থা নিয়ে কোনো উদ্বেগ থাকলে পিতামাতা বা যত্নকারীরা পরামর্শ এবং সাহায্যের জন্য কল করতে পারেন। এই পরিষেবাটি আগে “কল ফর কনসার্ন” নামে পরিচিত ছিল।

যদি কোনো শিশুকে হঠাৎ অসুস্থ মনে হয়, তবে অবিলম্বে আপনার ওয়ার্ড টিমের কাছ থেকে সাহায্যের জন্য কল করুন।

মার্থাস রুল পরিষেবাটি কারা পরিচালনা করেন?

মার্থাস রুল মূলত বিশেষজ্ঞ অ্যাডাল্ট ক্রিটিক্যাল কেয়ার নার্সদের একটি দল দ্বারা পরিচালিত হয়, যারা আপনার উদ্বেগগুলো সমাধানের জন্য নিওনেটাল অর্থাৎ নবজাতক এবং পেডিয়াট্রিক অর্থাৎ শিশুচিকিৎসা মেডিকেল ও নার্সিং টিমের সাথে যৌথভাবে কাজ করবেন।

গুরুতর অসুস্থ নবজাতক ও শিশুদের সেবায় ওয়ার্ডের কর্মীদের সহায়তা করার জন্য এই দলটি 24 ঘণ্টানিয়োজিতথাকে। শিশুর অবস্থার মধ্যে কোনো লক্ষণীয় পরিবর্তন দেখা দিলে এই দলটি টেলিফোনের মাধ্যমে সাহায্য করতে পারে এবং/অথবা আপনার উদ্বেগ বা আশঙ্কার বিষয়ে সংশ্লিষ্ট কনসালটেন্ট বা টিমের সাথে আলোচনা করতে পারে।

কখন মার্থাস রুল পরিষেবার সাথে যোগাযোগ করবেন

- যখন কোনো শিশুর অবস্থার একটি উল্লেখযোগ্য পরিবর্তনঘটে এবং ওয়ার্ড টিমের সাথে আলোচনা করার পরেও আপনার উদ্বেগগুলোর কোনো সমাধান করা না হয়।
- ওয়ার্ডের নার্স বা ডাক্তারদের সাথে আলোচনা করার পরেও যদি আপনার চিকিৎসা সংক্রান্ত উদ্বেগ বা আশঙ্কা অব্যাহত থাকে।

কখন মার্থাস রুল পরিষেবার সাথে যোগাযোগ করবেন না

মার্থাস রুল হলো একটি রোগী-নিরাপত্তা পরিষেবা। এটি বিছানা, রুম, খাবার বা পার্কিংয়ের সমস্যার মতো **সাধারণ সমস্যাগুলোর অভিযোগ জানানোর** জন্য ব্যবহার করা উচিত নয়। এটি চিকিৎসা সংক্রান্ত নিয়মিততথ্য পাওয়ার জন্য বা কোনো সাধারণ দ্বিতীয় মতামতের জন্য ব্যবহার করা যাবে না।

আপনার যদি এই ধরনের সমস্যাগুলো নিয়ে আলোচনা করার প্রয়োজন হয়, তবে অনুগ্রহ করে ওয়ার্ড ম্যানেজার বা ম্যাট্রন-এর খোঁজ করুন।

মার্থাস রুল পরিষেবা এবং একটি সাধারণ দ্বিতীয় মতামতের মধ্যে পার্থক্য

মার্থাস রুল পরিষেবাটি তীব্র বা আকস্মিক শারীরিক অবনতির অর্থাৎ অ্যাকিউট ডিটেরিওনেশন জন্য। রোগীর অবস্থা ক্রমাগত খারাপ হতে থাকলে এবং ওয়ার্ডের টিমের কাছে উদ্বেগ প্রকাশ করার পরেও যদি তার কোনো সমাধান না হয়, তবে পর্যালোচনার অনুরোধ করার জন্য এটি হাসপাতালের কর্মী, ভর্তি থাকা রোগী বা তাদের বন্ধু/পরিবারের জন্য তৈরি করা হয়েছে।

মার্থাস রুল পরিষেবার সাথে কীভাবে যোগাযোগ করবেন
ক্রিটিক্যাল কেয়ার আউটরিচ টেলিফোন নম্বর:

07775 821211

- উপরে দেওয়া নম্বরে সরাসরি কল করুন।
- অনুগ্রহ করে একটি মেসেজ রেখে যান এবং যত দ্রুত সম্ভব আপনাকে কল ব্যাক করা হবে
- অনুগ্রহ করে মনে রাখবেন যে, টিমটি নির্দিষ্ট করে কখন কল-ব্যাক করবে তা জানাতে পারবে না, কারণ তারা অন্য রোগীদের সঙ্গে ব্যস্ত থাকতে পারেন। তবে, টিম, যত দ্রুত সম্ভব তারা আপনাকে কল-ব্যাক করবে।

আপনি যখন কল করবেন তখন আমাদের যা জানা প্রয়োজন

1. যে শিশুকে নিয়ে আপনি চিন্তিত তার নাম
2. সে কোন ওয়ার্ডে আছে
3. আপনার উদ্বেগ বা আশঙ্কার একটি সংক্ষিপ্ত বিবরণ
4. আপনার যোগাযোগের বিবরণ এবং শিশুর সাথে আপনার সম্পর্ক

এর পরে কী হবে?

ক্রিটিক্যাল কেয়ার আউটরিচ টিমের একজন সদস্য আপনার কলটি রিসিভ করবেন। টিম যা করতে পারে:

- টেলিফোনের মাধ্যমে সহায়তা এবং পরামর্শ দিতে পারে।
- আপনার উদ্বেগগুলো নিয়ে আলোচনা করতে সরাসরি ওয়ার্ডে আসতে পারে এবং পরবর্তী পরামর্শ ও সহায়তার জন্য উপযুক্ত মেডিকেল টিমের সাথে যোগাযোগ করতে পারে।

এই দলটি শিশুর পিতা-মাতা/যত্নকারীর কাছ থেকে সম্মতি নেবে (যদি প্রয়োজ্য হয়) ওয়ার্ড টিমের সাথে আলোচনা করার আগে এবং তারপরে আপনাকে সর্বশেষ তথ্য জানাবে।

আপনি যদি এই লিফলেটটি ইমেইল আকারে, বড় অক্ষরে, ব্রেইল পদ্ধতিতে বা অন্য কোনো ভাষায় পেতে চান, তবে অনুগ্রহ করে 01225 825656 নম্বরে পেশেন্ট সাপোর্ট অ্যান্ড কমপ্লেনটস টিমের সাথে যোগাযোগ করুন।

Royal United Hospitals Bath NHS Foundation Trust
Combe Park, Bath, BA1 3NG

01225 428331 | www.ruh.nhs.uk

প্রকাশের তারিখ: জানুয়ারি 2026 | রেফারেন্স: RUH CCM/013

© Royal United Hospitals Bath NHS Foundation Trust